গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাশিয়ানী, গোপালগঞ্জ।

বাংলা ১৪৩২ সনের জন্য হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি (১ম,২য়,৩য় ও ৪র্থ বার)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাশিয়ানী উপজেলাধীন নিম্ন বর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ইজারা গ্রহীতাদের নিকট থেকে সীলমোহরকৃত খামে নিম্নে বর্নিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পুর্বের দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতীত) নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর কার্যালয়/ নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়/সহকারী কমিশনার (ভূমি),কাশিয়ানী এর কার্যালয়/ অফিসার ইন-চার্জ,কাশিয়ানী থানা / ব্যবস্থাপক,সোনালী ব্যাংক, কাশিয়ানী শাখা হতে ক্রয় করা যাবে। দরপত্রসমূহ নিম্নে তফসিল বর্ণিত ধার্য তারিখে সকাল ১০.০০টা হতে দুপুর ০১.০০টা পর্যন্ত জেলা প্রশাসক, গোপালগঞ্জ/পুলিশ সুপার, গোপালগঞ্জ/নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বক্সে গ্রহণ করা হবে এবং ঐদিনই বেলা ৩.০০টায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে। ইজারা বিজ্ঞপ্তির ১ম ডাকে কোন হাটের জন্য প্রাপ্ত দর সন্তোষজনক না হলে পরবর্তী তারিখের ডাক গুলোতে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে। এ বিজ্ঞপ্তি www.kashiani.gopalganj.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। এছাড়া দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

হাট-বাজারের নাম, দরপত্র দাখিলের সময় সূচী, সরকারি ইজারা মূল্য ও সিডিউল মূল্য

ক্রঃ নং	হাটবাজারের নাম	ইউনিয়নের নাম	পর্যায়	দরপত্র বিক্রয়ের তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	সিডিউলের মূল্য	সরকারি মূল্য	মন্তব্য
০১	জয়নগর হাট-বাজার	মহেশপুর	১ম	১২/০২/২৫ হত ২৫/০২/২৫	২৬/০২/২৫ সকাল ১০.০০ টা হতে ১.০০ টা	২৬/০২/২৫ বিকাল ৩.০০ টা	১০০০/-	১,৮২,৮০০/-	
০২	ধানজাইল হাট	মহেশপুর					৫০০/-	৩,৭৪০/-	
০৩	পদ্মবিলা হাট	মহেশপুর					৫০০/-	১৫,২৩৫/-	
০৪	বাথানডাংগা হাট	মহেশপুর					১২০০/-	২,৫৪,৫০০/-	
০৫	সাজাইল হাট	সাজাইল	২য়	২৭/০২/২৫ হত ০৫/০৩/২৫	০৬/০৩/২৫ সকাল ১০.০০ টা হতে ১.০০ টা	০৬/০৩/২৫ বিকাল ৩.০০ টা	১৪০০/-	৩,২৩,১০০/-	
০৬	মাজড়া হাট	সাজাইল					১০০০/-	১,৪৫,১০০/-	
০৭	কাশিয়ানী হাট-বাজার	কাশিয়ানী					১৪০০/-	৩,৪১,০০০/-	
০৮	ভাটিয়াপাড়া হাট	কাশিয়ানী					১৫০০/-	৩,৭০,৫০০/-	
০৯	শরানপুর হাট	রাতইল	৩য়	০৯/০৩/২৫ হত ১৬/০৩/২৫	১৭/০৩/২৫ বেলা ১০.০০ টা হতে ১.০০ টা	১৭/০৩/২৫ বিকাল ৩.০০ টা	২৩,৬০০/-	১,১৪,৮৯,৫০০/-	
১০	তারাইল হাট	রাতইল					৫০০/-	১৩,১০০/-	
১১	রাজপাট হাট	রাজপাট					৫০০/-	৮৮,৯০০/-	
১২	রাল্থখড় হাট	হাতিয়াড়া					২,২০০/-	৭,৫১,৫০০/-	
১৩	রামদিয়া হাট-বাজার	বেথুড়ি	৪র্থ	১৮/০৩/২৫ হত ২৩/০৩/২৫	২৪/০৩/২৫ বেলা ১০.০০ টা হতে ১.০০ টা	২৪/০৩/২৫ বিকাল ৩.০০ টা	২,৩০০/-	৭,৫৩,৫০০/-	
১৪	ফলসী হাট	নিজামকান্দি					৫০০/-	২০,২০০/-	
১৫	ফুকরা হাট	ফুকরা					১,৬০০/-	৩,৮৭,১০০/-	
১৬	কুমারিয়া হাট	পারুলিয়া					৫০০/-	৩০,৭০০/-	

শর্তাবলী

০১। বাংলা ১৪৩২ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালের জন্য ইজারা দেয়া হবে ।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

০৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫%(পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করিতে হবে অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রে সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩ বছরের গড় ইজারামূল্যর অতিরিক্ত ১০% (সরকারি মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। দ্বিতীয়বার দরপত্র আহবান করা সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ৩ বৎসরের গড় ইজারা মূল্যর উপর অতিরিক্ত ১০% যোগ করার পরে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে ।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হবে ।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে ।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পাবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলে গণ্য হবে ।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে ।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন ।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন ।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না ।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে ।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে ।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে ।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

২৮/০১/২৫
(ফারজানা জান্নাত)
উপজেলা নির্বাহী অফিসার
কাশিয়ানী, গোপালগঞ্জ।

২৮/০১/২৫

নং-হাট-বাজার/০৫.৩০.৩৫৪৩.০০২.০১.০০১.২৪- ৪৩(৫৫)

তারিখঃ ২৮ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১) জেলা প্রশাসক, গোপালগঞ্জ ।
২) পুলিশ সুপার, গোপালগঞ্জ ।
৩) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ ।
৪) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) গোপালগঞ্জ ।
৫) সহকারী কমিশনার (ভূমি), কাশিয়ানী, গোপালগঞ্জ ।
৬) অফিসার ইন-চার্জ, কাশিয়ানী থানা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
৭) উপজেলা .... অফিসার (সকল), কাশিয়ানী, গোপালগঞ্জ ।
৮) চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), কাশিয়ানী, গোপালগঞ্জ । ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
৯) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ... ইউনিয়ন ভূমি অফিস, কাশিয়ানী, গোপালগঞ্জ। তার অধিক্ষেত্রের হাট-বাজার সমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করে গৃহীত কার্যক্রম সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
১০) সম্পাদক, যায়যায়দিন,ঢাকা। পত্রিকায় প্রকাশের জন্য
১১) সম্পাদক, দৈনিক বর্তমান গোপালগঞ্জ, গোপালগঞ্জ। পত্রিকায় প্রকাশের জন্য
১২) .... কাশিয়ানী, গোপালগঞ্জ ।

২৮/০১/২৫
উপজেলা নির্বাহী অফিসার
কাশিয়ানী, গোপালগঞ্জ।

২৮/০১/২৫